

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 19 April, 2025

ময়মনসিংহের গৌরীপুরে জামাই-শুশুরকে গ্রেফতার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এ সময় তাদের কাছ থেকে এক হাজার ৮০০ পিস ইয়াবা জব্দ করা হয়।

শনিবার উপজেলার বোকাইনগর ইউনিয়নের টাঙাটিপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন- টাঙাটিপাড়া এলাকার আব্দুল কদ্দুছের ছেলে সজিব আহমেদ ও তার শুশুর মো. রইছ উদ্দিন।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা কার্যালয়ের পরিদর্শক চন্দন গোপাল সুর জানান, গোপন খবরে টাঙাটিপাড়া এলাকায় অভিযান চালায় তারা। এ সময় সজিবের দেহ ও ঘর তল্লাশি করে এক হাজার ৮০০ পিস ইয়াবা জব্দ করা হয়।

তিনি বলেন, শুশুর রইছ উদ্দিনের ভোটার আইডি কার্ড দিয়ে মোবাইলে সিম তুলে তা দিয়ে সজিব মাদকের কারবার করে আসছিল। ইয়াবা জব্দের ঘটনায় গৌরীপুর থানায় নিয়মিত মামলা হয়েছে।

ময়মনসিংহ মাদকদ্রব্য জামাই-শুশুর

Generated on 24 April, 2025 19:40

URL: <https://timestodaybd.com/across-the-country/103847252>